

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ কার্তিক ১৪২৯/১৯ অক্টোবর ২০২২

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২২ (অংশ-১)-৩৭০— বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে ২৪ জুলাই ২০২২ তারিখে জারিকৃত ও একই তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তি নং-১১.০০.০০০০.৮৬৩.০৯.০৫১.২১-৫৪ মোতাবেক জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ আসনটি ২৩ জুলাই ২০২২ তারিখে শূন্য হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী উক্ত শূন্য পদ পূরণ করিবার জন্য ২০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান থাকায় ১২ অক্টোবর ২০২২ তারিখে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ২৪ আগস্ট ২০২২ তারিখে সময়সূচি জারি করা হয়। উল্লিখিত শূন্য আসনের নির্বাচনে ভোটগ্রহণ কার্যক্রমে ব্যাপক অনিয়ম ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের দায়িত্ব পালনে চরম ব্যর্থতার কারণে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে ১২ অক্টোবর ২০২২ তারিখে জারিকৃত ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২২(অংশ-১)-৩৪৬ নং স্মারকমূলে সকল ভোটকেন্দ্রের ভোটগ্রহণ বন্ধ ঘোষণা করা হয়। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (৪) দফার শর্তাংশের বিধান মতে প্রধান নির্বাচন কমিশনার, পূর্ব-বর্ণিত উদ্ভূত অবস্থাটি অনাকাঙ্ক্ষিত, অকল্পনীয় ও নিয়ন্ত্রণ বহির্ভূত বিবেচনায় দৈব-দুর্বিপাক গণ্য করায় এই দফার নির্ধারিত মেয়াদ অর্থাৎ শূন্য হইবার নব্বই দিনের মধ্যে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবে না।

বর্ণিতাবস্থায়, জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচন নির্ধারিত মেয়াদের মধ্যে অনুষ্ঠান সম্ভব না হওয়ায় পরবর্তী নব্বই দিনের মধ্যে অর্থাৎ আগামী ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত হইবে। নির্বাচনের পরবর্তী তারিখ যথাসময়ে ঘোষণা করা হইবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার  
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৬৮৬৯)

মূল্য : টাকা ৪.০০